



বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

আঞ্চলিক কার্যালয়, ঢাকা।

১২৮, মালেক ম্যানসন (৯ম তলা), মতিঝিল বা/এ, ঢাকা - ১০০০।



স্মারক নম্বর- ডিআরও/উ:/মা:সা:ভা:/ শরীয়ত:-২১/ ০০২ (৪)

তারিখ: ২১শ ভাদ্র ১৪২৮
০৫ই সেপ্টেম্বর ২০২১

বিষয়: বিসিক শিল্পনগরী, শরীয়তপুরে অবস্থিত মেসার্স অর্না ফাটিলাইজার ইন্ডাস্ট্রিজ, প্লট নং: এ-০২, এর নাম ও খাত পরিবর্তনের অনুমোদন।

সূত্র: শরীয়ত/শি:ন:/বিসিক/প্রকল্প-৩৮/০৯-২১/২৪৮(০৩), তারিখ: ০৪-০৪-২০২১ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের মাধ্যমে সুপারিশসহ প্রাপ্ত প্রস্তাব মোতাবেক বিসিক শিল্পনগরী, শরীয়তপুরে অবস্থিত মেসার্স অর্না ফাটিলাইজার ইন্ডাস্ট্রিজ এর মালিকানা অপরিবর্তিত রেখে নিম্নবর্ণিত বিবরণ মোতাবেক এবং শর্তসমূহ পূরণ স্বাপেক্ষে শিল্প ইউনিটের নাম ও খাত পরিবর্তনের অনুমোদন দেয়া হলো।

ক্র.	বিবরণসমূহ	বিদ্যমান শিল্প ইউনিট	প্রস্তাবিত শিল্প ইউনিট
১.	শিল্প ইউনিটের নাম	মেসার্স অর্না ফাটিলাইজার ইন্ডাস্ট্রিজ	মেসার্স অর্না কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ
২.	মালিকানার ধরণ	ব্যক্তি মালিকানা	ব্যক্তি মালিকানা
৩.	মালিকের নাম ও ঠিকানা	জনাব মো: আলমগীর হোসেন বাসা:হোস্টিং:৯ রাস্তা: নিউ খানপুর রোজ। ডাকঘর: নারায়নগঞ্জ ১৪০০, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়নগঞ্জ।	জনাব মো: আলমগীর হোসেন বাসা:হোস্টিং:৯ রাস্তা: নিউ খানপুর রোজ। ডাকঘর: নারায়নগঞ্জ ১৪০০, নারায়নগঞ্জ সদর, নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন, নারায়নগঞ্জ।
৪.	শিল্প ইউনিটের অবস্থান	বিসিক শিল্পনগরী, শরীয়তপুর।	বিসিক শিল্পনগরী, শরীয়তপুর।
৫.	প্লট নং	এ-০২,	এ-০২,
৬.	জমির পরিমাপ	৪৫০০ বর্গফুট	৪৫০০ বর্গফুট
৭.	শিল্প খাত	রসায়ন ও ফার্মাসিউটিক্যাল	কেমিক্যাল
৮.	উপ-খাত	সার	সাবান ও ডিটারজেন্ট পাউডার

শর্তাবলী :

- এটি শুধুমাত্র নাম ও খাত পরিবর্তনের প্রস্তাব। এ ক্ষেত্রে মালিকানা পরিবর্তন হবে না এবং কোনো প্রকার ফি প্রযোজ্য নয়।
- নতুন শিল্প ইউনিটকে বিসিক হতে নিবন্ধন গ্রহণ করতে হবে।
- প্রযোজ্য ক্ষেত্রে নতুন শিল্প ইউনিট উৎপাদনে যাবার পূর্বে উদ্যোক্তা কর্তৃক পরিবেশ অধিদপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বিএসটিআই এবং সরকারের সংশ্লিষ্ট অন্যান্য দপ্তরের সনদপত্র/লাইসেন্স সংগ্রহপূর্বক শিল্পনগরী কার্যালয়ে দাখিল করতে হবে এবং এতদসংক্রান্ত নিয়ম-কানুন যথাযথভাবে পালন করতে হবে।
- মেসার্স অর্না কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ-এর অনুকূলে নাম ও খাত পরিবর্তনের চূড়ান্ত পত্র জারীর পূর্বে মেসার্স অর্না ফাটিলাইজার ইন্ডাস্ট্রিজ ইউনিটের নিকট কোন প্রকার দায়-দেনা নেই মর্মে শিল্পনগরী কর্মকর্তা নিশ্চিত হবেন।
- প্রস্তাবের সাথে উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত অংশীকারনামা সমূহ উদ্যোক্তাকে যথাযথভাবে পালন করতে হবে।
- এছাড়া বিসিকের প্রচলিত বিধি বিধান এবং সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত শর্তাবলী পালন করতে হবে।
- বর্ণিত শর্তাবলী পূরণ স্বাপেক্ষে শিল্পনগরী কর্মকর্তা শিল্প ইউনিটের নাম ও খাত পরিবর্তনের চূড়ান্ত পত্র জারী করবেন।

এমতাবস্থায়, মেসার্স অর্না ফাটিলাইজার ইন্ডাস্ট্রিজ ইউনিটের নাম ও খাত পরিবর্তনের বিষয়ে বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। উল্লেখ্য, প্রস্তাবের সাথে দাখিলকৃত অংশীকারনামা সমূহ স্থানীয় শিল্পনগরী কার্যালয়ে সংরক্ষণ করতঃ পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রমের জন্য এতদসঙ্গে ফেরৎ দেয়া হলো।

উপব্যবস্থাপক
বিসিক জেলা কার্যালয়
শরীয়তপুর।

মো: আবদুল মতিন

আঞ্চলিক পরিচালক

বিসিক, ঢাকা

ফোন: ০১৭১০২২৮৩৬৯

ইমেইল: rddhaka@bscic.gov.bd।

অনুলিপি: অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য।

- পরিচালক (শিল্প উ: ও স:), বিসিক, ঢাকা।
- উপমহাব্যবস্থাপক, শিল্পনগরী ও সমন্বয় শাখা, সম্প্রসারণ বিভাগ, বিসিক, ঢাকা।
- চেয়ারম্যানের একান্ত সচিব, বিসিক, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- শিল্পনগরী কর্মকর্তা, বিসিক শিল্পনগরী, শরীয়তপুর।
- অফিস কপি।